



চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম

ভর্তি বিজ্ঞপ্তি

১। ২০২১ শিক্ষাবর্ষে নিম্নলিখিত শ্রেণিতে ছাত্রছাত্রী ভর্তি করানো হবেঃ

ভার্সন	শ্রেণি	শূন্য আসন	বিস্তারিত
বাংলা	৩য়	৫৩	৩য়, ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির অনলাইন ভর্তি ফরম ১০ ডিসেম্বর ২০২০ থেকে ৩০ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের ওয়েব সাইট www.ccpc.edu.bd থেকে নির্দিষ্ট লিংকে প্রবেশ করে ফরম পূরণ পূর্বক অনলাইনে সাবমিট করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।
	৬ষ্ঠ	৩২	
	৯ম (বিজ্ঞান শাখা)	২২	
	৯ম (ব্যব:শিক্ষা শাখা)	৪০	
ইংরেজি (ন্যাশনাল ক্যারিকুলাম)	৩য়	৫৩	

২। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি বিস্তারিতভাবে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট www.ccpc.edu.bd থেকে জানা যাবে।

অধ্যক্ষ

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

২০২১ শিক্ষাবর্ষে ৩য় (উভয় ভার্সন), ৬ষ্ঠ (বাংলা ভার্সন), ৯ম-ব্যবসায় শিক্ষা (বাংলা ভার্সন) ও ৯ম-বিজ্ঞান শাখা (বাংলা ভার্সন) শূন্য আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করানো হবে। অন্যান্য শ্রেণিগুলোতে আসন শূন্য নেই বিধায় শিক্ষার্থী ভর্তি করানোর সুযোগ নেই।

১। আসন সংখ্যা:

শ্রেণি	বাংলা ভার্সন	ইংরেজি ভার্সন
৩য়	৫৩	৫৩
৬ষ্ঠ	৩২	--
৯ম (ব্যবসায় শিক্ষা)	৪০	--
৯ম (বিজ্ঞান শাখা)	২২	--

বি. দ্র: উল্লেখিত আসন সমূহের মধ্যে সেনাবাহিনীতে কর্মরত ও অবসরপ্রাপ্ত কোটা ৩০% ও বিমান বাহিনী, নৌবাহিনী, অসামরিক ও অন্যান্য কোটা ৭০%।

২। ফরম পূরণ:

ক) <http://ccpc.eabedon.com/> লিংকে প্রবেশ করে ফরম পূরণ করে অনলাইনে সাবমিট করার পর ইনডেক্স নম্বর এবং পাসওয়ার্ড সংগ্রহ করে Log In করতে হবে। পূরণকৃত ফরমটি যাচাই করে পেমেন্ট অপশনে যেতে হবে। পেমেন্ট করার পরে Admit Card ডাউনলোড করতে হবে। এ Admit Card টি পরবর্তী কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য কোন অবস্থাতেই Admit Card ছাড়া ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না।

খ) ৩য় শ্রেণি (বাংলা ও ইংরেজি ভার্সন) ও ৬ষ্ঠ শ্রেণি (বাংলা ভার্সন), ৯ম শ্রেণি (ব্যবসায় শিক্ষা-বাংলা ভার্সন) এবং ৯ম শ্রেণি (বিজ্ঞান শাখা-বাংলা ভার্সন) এর ভর্তি ফরম অনলাইনে পূরণ ও সাবমিট করা যাবে ১০ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর ২০২০ পর্যন্ত। প্রতিষ্ঠানে স্ব-শরীরে এসে ফরম জমা দেওয়ার কোনো সুযোগ থাকবে না।

৩। **ফরমের মূল্য:**

ফরম পূরণ করার সময় ফরমের মূল্য ব্যাংক ও অনলাইন চার্জসহ ৩১৫.০০ (তিনশত পনের) টাকা ফরমে উল্লেখিত প্রক্রিয়ার যে কোন একটি মাধ্যমে প্রদান করে Admit Card ডাউনলোড করতে হবে।

৪। **ভর্তির নীতিমালা:**

সরকার নির্ধারিত নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে এবং তা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে। সকলকে ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার জন্য অনুরোধ করা হল।

৫। **বেতন কাঠামো (মাসিক):**

ক্রম.	শ্রেণি	ভার্সন	সামরিক/প্রতিরক্ষা	অসামরিক
১.	৩য়	বাংলা	৮৫০	২৯০০
		ইংরেজি	১২০০	৩৬০০
২.	৬ষ্ঠ	বাংলা	৮৫০	২৮০০
৩.	৯ম-বিজ্ঞান	বাংলা	৮৫০	২৭০০
৪.	৯ম-ব্যবসায় শিক্ষা	বাংলা	৮৫০	২৬০০

৬। হেল্প লাইন 01791236348 নম্বর থেকে (সকাল ০৯.০০টা – দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত) প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করতে পারবেন।

৭। বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত ও অবসরপ্রাপ্ত সদস্যদের শুধুমাত্র নিজ সন্তান ভর্তির ক্ষেত্রে বিশেষ কোটা সুবিধা প্রাপ্ত হবেন। নৌ ও বিমান বাহিনীর সদস্য ব্যক্তিগত বিশেষ কোটা সুবিধা প্রাপ্ত হবেন না। তবে সেশন চার্জ ও টিউশন ফি প্রদানের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী সুবিধা প্রাপ্ত হবেন।

৮। **অন্যান্য তথ্যাবলি:**

ক। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার সন্তানদের ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির জন্য শূন্য আসনের ৫% কোটা সংরক্ষিত থাকবে।

খ। প্রতিবন্ধি শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে শূন্য আসনের ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

গ। শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন সাপেক্ষে লিল্লাহ বোর্ডিং এ অবস্থানরত সকল শিশুদের জন্য ১% কোটা সংরক্ষিত থাকবে।

ঘ। এই প্রতিষ্ঠানে কোন ন্যূনতম যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীর সহোদর/সহোদরী বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে তবে আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে তাকে অগ্রাধিকার প্রদান করা হবে। তবে এই সুবিধা কোন দম্পতির সর্বোচ্চ ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৯। ভর্তি সংক্রান্ত তথ্যাবলি প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.ccpc.edu.bd থেকে জানা যাবে।